MAY 1 4 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ১২ কলাম ৪

# নৈতিক শিক্ষা ও অনুশাসনের মাধ্যমে সন্ত্রাস দূর হতে পারে

বর্তমানে আমাদের সমাজে সন্ত্রাস এমনভাবে বিরাজ করছে যে মানুষ সব সময় একটা আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছে। আইন-শৃঙ্খলার পরিস্থিতির ভয়াবহ অবনতি হয়েছে। সন্ত্রাসীরা তাদের সন্ত্রাসী কর্মকাণ্ড পুরোপুরি ফিল্মি কায়দায় সম্পাদন করছে। পত্রিকার পাতা খুললেই এগুলো আমাদের চোখে পড়ে। এসবের মধ্যে শিহাব হত্যা, মনিমুক্তা অপহরণ ইত্যাদি। সমাজ থেকে এসব সন্ত্রাস দূর করতে হলে আমাদের প্রথমেই নজর দিতে হবে আকাশ সংস্কৃতির উপর। বর্তমানে বিভিন্ন চ্যানেলে যেভাবে যে প্রক্রিয়ায় ছবি দেখানো হয় এতে করে যুবক, কিশোররা অপরাধ ও বেলেল্লাপনার নিত্য নতুন স্টাইল দেখে শিখে এবং সেগুলো তাদের মনকে ক্রমেই অসুস্থ করে তুলছে। সমাজে সন্ত্রাস বৃদ্ধি পাওয়ার ক্ষেত্রে তাদের এই মনোবিকৃতি অন্যতম ভূমিকা রাখে। ছবিগুলোতে যৌন সুড়সুড়ি, মারামারি, কাটাকাটি ছাড়া আর কিছু দেখানো হয় না। যা কিনা কিশোরদের মনে দারুণ প্রভাব ফেলে। আমরা পত্রিকার পাতা খুললেই সন্ত্রাসী কর্মকাণ্ডগুলোর প্রতি খেয়াল করলে দেখি যারা এসব সম্পাদন করছে তাদের বয়স ১৫-২২-এর মধ্যে। আমাদের সমাজ থেকে এসব সন্ত্রাস দূর করতে হলে অবশ্যই আমাদেরকে মিডিয়াগুলোর প্রতি সতর্ক হতে হবে। সমাজে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ও সন্ত্রাস দূর করতে হলে একদিকে আমাদের দীর্ঘমেয়াদী পরিকল্পনার অংশ হিসেবে দারিদ্র্য দূরীকরণ, শিক্ষার উন্নতি এবং এর মাধ্যমে বিবেকের বিকাশ সাধন ইত্যাদি কর্মসূচী গ্রহণ করা দরকার, তেমনি জরুরী ভিত্তিতে রাজনৈতিক দলগুলোকে সন্ত্রাস বর্জন এবং সন্ত্রাসীদের গ্রেফতদার ও সঠিক বিচারের ব্যবস্থা করতে হবে। বর্তমানে ক্ষমতায় আসার জন্য এবং ক্ষমতায় টিকে থাকার জন্য প্রধান রাজনৈতিক দলগুলো সন্ত্রাস ও সন্ত্রাসীদের পৃষ্ঠপোষক হওয়ায় বাংলাদেশে সন্ত্রাস ও নৈরাজ্য ভয়াবহভাবে বৃদ্ধি পাচ্ছে। রাজনৈতিক ও সামাজিক পৃষ্ঠপোষকতা এবং দুর্বলতার সুযোগে একশ্রেণীর পুলিশও দুর্নীতির আশ্রয় গ্রহণ করে। এর ফলে পুলিশের দুর্নীতি সংস্কৃতিতে পরিণত হয়েছে। আমরা অধিকাংশ সময় লক্ষ্য করি অপরাধের ক্ষেত্রে পুলিশের ভূমিকা Pre-active নয় বরং Re-active। এসব সামাজিক সমস্যা থেকে মুক্ত হতে হলে প্রয়োজন সামাজিক আন্দোলনের। আমাদের দেশের মানুষ রাজনৈতিকভাবে অত্যন্ত বিভক্ত ও রক্ষণশীল হওয়ায় সামাজিক আন্দোলন গড়ে উঠতে পারে না। আর সামাজিক আন্দোলনের পাশাপাশি সন্ত্রাস দূর করতে হলে প্রয়োজন ধর্মীয় শিক্ষা তথা নৈতিক শিক্ষার প্রতি গুরুত্বারোপ করা।

আকলিমা ইসলাম পপি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা।